

বাংলা ট্রিবিউন

‘শিক্ষাবিদ এবং শিল্পব্যক্তিত্বের মধ্যে নেটওয়ার্ক স্থাপন করবে আইসিবিএম’

ক্যাম্পাস রিপোর্ট

প্রকাশিত: ১৪:২৪, এপ্রিল ২৫, ২০১৯ | সর্বশেষ আপডেট: ১৬:০৫, এপ্রিল ২৫, ২০১৯

ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম) ২০১৯ এর প্রোগ্রাম চেয়ার এর উদ্যোক্তা ড. মোহাম্মদ মামুন হাবিব। তিনি ব্র্যাক বিজনেস স্কুল (বিবিএস), ব্র্যাক ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সহযোগী অধ্যাপক। আজ ২৫ এপ্রিল ঢাকার ওয়েস্টিনে শুরু হচ্ছে দুই দিনব্যাপী এই ইন্টারন্যাশনাল কনফারেন্স। আয়োজনটি নিয়ে বাংলা ট্রিবিউনের মুখোমুখি হয়েছিলেন ড. মোহাম্মদ মামুন হাবিব।



প্রশ্ন: আইসিবিএম ২০১৯- এ কোন বিষয়গুলো প্রাধান্য পাচ্ছে?

আইসিবিএম ২০১৯ সম্মেলনের থিম হল ব্যবসায় ও পরিচালনায় শিল্পভিত্তিক গ্লোবাল রিসার্চ ট্রেন্ডস। বাণিজ্য ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণাপত্র এই সম্মেলনে উপস্থাপন করা হবে।

প্রশ্ন: আপনারা এই সম্মেলনকে শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের মিলনমেলা বলছেন, এই বিষয়ে বিস্তারিত যদি বলতেন।

সম্মেলনের মূল উদ্দেশ্য হলো ব্যবসায় ও ব্যবস্থাপনার ক্ষেত্রে সাম্প্রতিক অগ্রগতি নিয়ে শিক্ষাবিদ ও গবেষকদের জন্য ধারণা বিনিময় ও আলোচনার একটি ফোরাম তৈরি করা। বিভিন্ন দেশ থেকে ৪০ জন বিদেশি প্রতিনিধিসহ ২৫০ জন অংশগ্রহণ করছেন এই সম্মেলনে।

প্রশ্ন: সম্মেলনে কোন দেশ থেকে কতজন বিদেশি শিক্ষক-গবেষক অংশ নিচ্ছেন?

বিভিন্ন মহাদেশের বিভিন্ন দেশ থেকে - তাইওয়ান, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, সিঙ্গাপুর, থাইল্যান্ড, নাইজেরিয়া, ভারত, সুইডেন, কানাডা, যুক্তরাজ্য থেকে শিক্ষকরা অংশ নিচ্ছেন।

প্রশ্ন: 'ইন্ডাস্ট্রি টক' এ কারা থাকছেন এবং কী বিষয়ে কথা বলবেন?

উল্লেখযোগ্যসংখ্যক শিক্ষাবিদ এবং শিল্পপতিগণ এই সম্মেলনে অংশগ্রহণ করবেন। বেটার বিজনেস গভর্নেন্স (বিবিজি) সিঙ্গাপুর থেকে সাজ্জীভ গাথানি, এসি আই লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক এম. আনিস উদ দৌলা, আব্দুল মোনেম গ্রুপের ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর (ডিএমডি) এএসএম মাইনউদ্দীন মোনেম, ব্র্যাক ব্যাংকের ম্যানেজিং ডিরেক্টর সেলিম আর এফ হুসেইন, রানার অটোমোবাইলস এর চেয়ারম্যান হাফিজুর রহমান খান, আই পি ডিসি ফাইন্যান্স লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোমিনুল ইসলাম এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও আনিস এ খান আসছেন।

প্রশ্ন: এই আয়োজন থেকে প্রাপ্তি?

আমাদের প্রধান উদ্দেশ্য শিক্ষাবিদ এবং শিল্পব্যক্তিত্বের মধ্যে একটি নেটওয়ার্ক স্থাপন করা। বর্তমানে আমাদের দেশে এমন কোন উল্লেখযোগ্য প্ল্যাটফর্ম নেই যেখানে এই দুটি দল একটি নেটওয়ার্কে ইন্টারঅ্যাক্ট করতে পারে এবং শিল্প প্রতিষ্ঠানগুলো আমাদের শিক্ষার্থীদের আন্তর্জাতিক সম্মেলনের সুযোগ দিতে পারে। আমরা এই ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করতে চাই। আমাদের মূল দৃষ্টি বিশ্বায়নে। বিশ্বব্যাপী বাজারে প্রতিযোগিতায় মোকাবেলায় আমাদের ছাত্রদের প্রস্তুত করতে চাই আমরা। একাডেমিক ও শিল্প সংযোগকে উৎসাহিত করার জন্য, আমরা আমাদের শিক্ষাকে শিল্পকেন্দ্রিক করতে চাই। এ বছর আমাদের শিল্পকেন্দ্রিক থিম হল ব্যবসায় ও পরিচালনায় শিল্পভিত্তিক গ্লোবাল রিসার্চ ট্রেন্ডস। ব্যবসা ও ব্যবস্থাপনাতে পরবর্তী শিল্প বিপ্লবের দিকে অগ্রযাত্রার জন্য আমাদের শীর্ষ পর্যায়ের কর্পোরেট নেতৃত্ব ও শিক্ষাবিদদের প্রয়োজন।

প্রশ্ন: ভবিষ্যত পরিকল্পনা ও প্রত্যাশা সম্পর্কে যদি বলতেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে শিল্পপ্রতিষ্ঠানগুলো এ ধরনের সম্মেলন আয়োজন করে এবং শিক্ষাবিদরা অংশগ্রহণ করেন। এটি আমাদের বিশ্বাস যে, নিকট ভবিষ্যতে আমাদের শিল্পপতি এবং কর্পোরেট নেতারা এই সম্মেলনগুলি সংগঠিত করার উদ্যোগ গ্রহণ করবেন। আমি মনে করি এই কনফারেন্সের মাধ্যমে আমরা জ্ঞাননির্ভর সমাজ নির্মাণের মূল্যবোধ তৈরি করতে পারি। সমাজের উন্নয়ন শিল্প ও শিক্ষাংগণের যৌথ প্রচেষ্টার উপর নির্ভর করে।